৩।

তারিখ ... 30 JUL 1997 ...
পৃষ্ঠা ...১২... কলাম ...৫......

দৈনিক সংবাদ

কৃষি বিশ্ববিদ্যালয়

# ছাত্রলীগের দুই গ্রুপে বন্দুক যুদ্ধ

বাংলাদেশ কৃষিবিশ্ববিদ্যালয়, ২৯শে জুলাই (বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।- গতরাতে কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে বন্দুকযুদ্ধে শতাধিক রাউন্ড গুলি ও ককটেলের বিস্ফোরণ ঘটে।

গতকাল সোমবার ক্যাম্পাসের কো-অপারেটিভ মার্কেট হতে শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তন হতে বের হওয়ার পর ছাত্রলীগের এক গ্রুপের কর্মীরা প্রতিপক্ষের দ্বারা আক্রান্ত হবার পর দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের সূত্রপাত হয় বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে। এসময় শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে সাংস্কৃতিক সংগঠন পিলসুজের সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগরত দর্শকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে উত্তেজনা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে ছাত্রবিষয়ক বিভাগের নিচতলায় স্থাপিত পুলিশ ক্যাম্পের সামনেই কিছু সময় বাদে দুই গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও বন্দুকযুদ্ধ সংঘটিত হয়। আতঙ্কে টিএসসি ও পূবালী ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয় শাখার উপরের তলায় বসবাসরত শিক্ষক ও কর্মকর্তা তাদের বাসভবনের লাইট নিভিয়ে দেন বলে জানা গেছে।